



# বাংলাদেশ ব্যাংক

এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ

## প্রধান কার্যালয়

ডাকবাংল-৩২৫

ঢাকা।

Web: www.bb.org.bd

Fax: 88-02-9512991

এসএমইএসপিডি সার্কুলার লেটার নং- ৩

তারিখঃ ০৩ নভেম্বর, ২০১৬ ইং  
১৯ কার্তিক, ১৪২৩ বাং

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান  
প্রধান কার্যালয়।

প্রিয় মহোদয়,

এসএমই অর্থায়ন সংক্রান্ত এসএমইএসপিডি সার্কুলার নং-১/২০১৬ এর  
৪.৩.৫(ঘ) নং অনুচ্ছেদ সংশোধন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে ০৭ জানুয়ারী, ২০১৬ তারিখে জারিকৃত এসএমইএসপিডি সার্কুলার নং-১ এর “কটেজ, মাইক্রো ও ক্ষুদ্র  
খাতে নতুন উদ্যোক্তা পুনঃঅর্থায়ন তহবিল” এর অনুচ্ছেদ নং-৪.৩.৫(ঘ) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত  
অনুচ্ছেদটি নিম্নরূপে প্রতিস্থাপন করা হলোঃ

অনুচ্ছেদ নং ৪.৩.৫(ঘ)	ঋণ আবেদনকারী নতুন উদ্যোক্তাকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক স্বীকৃত কোন সরকারি কিংবা বেসরকারি উদ্যোক্তা উন্নয়ন প্রতিষ্ঠান (প্রতিষ্ঠানের তালিকা সংযোজনী-১১ এ সংযুক্ত), যুব উন্নয়ন অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তরসহ অন্যান্য সরকারি প্রতিষ্ঠান ও সময়ে সময়ে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন প্রকল্প (যেমন-LICT, SEIP ইত্যাদি) হতে উদ্যোক্তা উন্নয়ন, আইসিটি (ফ্রিল্যান্সিং, প্রোগ্রামিং, ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট, গ্রাফিকস্ ডিজাইন ইত্যাদি), ব্যবসা পরিচালনা, বাজারজাতকরণ ইত্যাদি বিষয়ে অথবা অন্যান্য কারিগরি বিষয়ে (পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, যন্ত্রপাতি মেরামত ইত্যাদি) সাফল্যজনকভাবে প্রশিক্ষণ গ্রহণের সার্টিফিকেট থাকতে হবে। এরূপ প্রশিক্ষণপ্রাপ্তদের মধ্য হতে যারা স্ব-উদ্যোগ গ্রহণে আগ্রহী তাদের ঋণ আবেদন গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে।
-------------------------	---

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে। সার্কুলারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত,

(স্বপন কুমার রায়)

মহাব্যবস্থাপক

ফোন- ৯৫৩০৫০২

E-mail: swapan.roy@bb.org.bd